যুগান্তর

তারিখ ........ 5 JUN 2017

পৃষ্ঠা

# এমবিবিএস ভর্তিতে এক বছর আগে এইচএসসি পাস হলে ৫ নম্বর কাটা

## বেসরকারিতে বিদেশি কোটা ৫০ ভাগ

**যুগান্তর রিপোর্ট**

২০১৭-১৮ শিক্ষা বর্ষে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার ক্ষেত্রে পূর্ববর্তী বছরের এইচএসসি উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে পাঁচ নম্বর এবং আগের বছর সরকারি কলেজে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ৭ দশমিক ৫ নম্বর কেটে মেধা তালিকা তৈরি করা হবে। বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য বিদেশি ছাত্রছাত্রীদের কোটা আগের মতোই ৫০ ভাগ বহাল থাকবে। এছাড়া আগামী শিক্ষা বর্ষ থেকে বিডিএসের কোর্স পাঁচ বছর মেয়াদি হবে। রোববার সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে অনুষ্ঠিত আসন্ন ২০১৭-১৮ শিক্ষা বর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তিসংক্রান্ত সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় অন্যান্যের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মো. সিরাজুল ইসলাম, বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, বিএসএমএমইউর ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, বিসিপিএস সভাপতি অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, বিএমডিসি সভাপতি অধ্যাপক ডা. শহীদুল্লাহ, বিএমএ মহাসচিব ডা. ইহতেশামুল হক দুলাল প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় স্বাস্থ্যমন্ত্রী বলেন, মেডিকেল ভর্তি পরীক্ষাকে বিতর্কিত করতে অতীতে গুজব ছড়ানো হতো। কিন্তু গত বছর জোরালো নজরদারি ও সর্বোচ্চ নিখুঁত প্রক্রিয়া অনুসরণ করায় কোনো বিতর্ক সৃষ্টির সুযোগ কেউ পায়নি। আগামীতেও এই মানকে অক্ষুণ্ণ রাখতে এখন থেকেই প্রস্তুতি শুরু করা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের এ পদক্ষেপ এখন অন্যান্য পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি অনুসরণ করার আগ্রহ দেখাচ্ছে জানিয়ে তিনি বলেন, পরীক্ষার মান সুষ্ঠু করার পাশাপাশি বেসরকারি কলেজগুলোর শিক্ষার মান বাড়াতে সরকারের কঠোর মনোভাব ও পদক্ষেপ অব্যাহত থাকবে। এ ক্ষেত্রে সহায়তা করার জন্য দেশের সুশীল সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। মেডিকেল কলেজে শিক্ষক সংকট দূর করতে চিকিৎসকদের পদোন্নতি প্রক্রিয়া নিয়মিতকরণের উদ্যোগ নেয়ার পাশাপাশি এক্ষেত্রে দীর্ঘসূত্রতা কমানোর জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী। সভায় জানানো হয় মানিকগঞ্জ সরকারি মেডিকেল কলেজকে কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ হিসেবে নতুন নামকরণের প্রস্তাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুমোদন দিয়েছেন।

ব্যানবেইস

পরিচালকের কার্যালয়

প্রাপ্তি নং.................................

তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর